



ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাদানকল্প শিক্ষা প্রতিষ্ঠান ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার)-এ

মাস্টার্স ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ভর্তি বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের উপাদানকল্প শিক্ষা প্রতিষ্ঠান 'ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার)', নয়ারহাট, সাভার, ঢাকায় ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির জন্য প্রার্থীদের নিকট হতে ১৩-১-২০১৯ ইং হতে ২৭-১-২০১৯ ইং তারিখের মধ্যে দরখাস্ত আহবান করা হচ্ছে। ভর্তির আবেদন ফরম ও ভর্তি নির্দেশিকা নিটার ক্যাম্পাস হতে নগদ ১,০০০/- (এক হাজার) টাকা জমা দিয়ে সংগ্রহ করা যাবে, অথবা নিটার ওয়েবসাইট www.niter.edu.bd হতে ডাউনলোড করা যাবে। ডাউনলোডকৃত আবেদন ফরম নিটার ক্যাম্পাসে জমা দেয়ার সময় ফরমের মূল্য বাবদ ১,০০০/- টাকা নগদ পরিশোধ করতে হবে।

২০১৬ সাল ও ২০১৭ সালে ন্যূনতম সিজিপিএ ২.৫ (৪.০০ স্কেলে) সহ ৪ বছর মেয়াদী বি. এসসি. ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (ইয়ার্ন, ফেব্রিক, অ্যাপারেল, ওয়েট প্রসেসিং)/ টেক্সটাইল টেকনোলজি (ইয়ার্ন, ফেব্রিক, অ্যাপারেল, ওয়েট প্রসেসিং)/ ফ্যাশন ডিজাইন/ ফ্যাশন টেকনোলজি/ অ্যাপারেল ম্যানুফেকচারিং/ নিটিং ম্যানুফেকচারিং অথবা টেক্সটাইল বিষয়ে উত্তীর্ণ বি. এসসি. ডিগ্রীধারীগণ আবেদন করতে পারবেন। আবেদনকারী প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও সাক্ষাৎকারের ভিত্তিতে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে। সাক্ষাৎকার আগামী ৩০-১-২০১৯ ইং তারিখ, সকাল ১০.০০ ঘটিকা, নিটার ক্যাম্পাস, নয়ারহাট, সাভার, ঢাকায় অনুষ্ঠিত হবে। মেধাতালিকা ও অপেক্ষমান তালিকা ৩০-১-২০১৯ ইং তারিখে নিটার ওয়েবসাইট ও নোটিশবোর্ডে প্রকাশ করা হবে। ক্লাস শুরু তারিখ ১৭-২-২০১৯ ইং।

অধ্যাপক ড. মোহাম্মদ মিজানুর রহমান,

অধ্যক্ষ, নিটার ও আহবায়ক, মাস্টার্স ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ভর্তি কমিটি

(অধ্যাপক, ফলিত রসায়ন ও কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, ঢাকা বিশ্ববিদ্যালয়)